

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

নং- ৯২১/২০১৮-এস,সি (এডি)

তারিখ :- ২৩/০৫/২০১৮খ্রিঃ

কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের লাইব্রেরীর জন্য নিম্ন বর্ণিত বিভিন্ন ধরনের আইন পুস্তক/ ল- রিপোর্টস ক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তাবলীর আওতায় তালিকাভুক্ত প্রকৃত প্রকাশক/ পরিবেশক/ সরবরাহকারী/ আমদানীকারক প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে-

আইন পুস্তক ক্রয়ের তালিকা :

Sl. No.	Name of the Book	Author/ Publisher	Number of Copy/Set
1.	Code of Civil procedure	AIR	2 sets
2.	Code of Criminal procedure	AIR	2 sets
3.	Evidence	AIR	2 sets
4.	Natural Justice	Tapash Gan Choudhury	1 copy
5.	Commentary on Constitution of India	DD Basu	1 set
6.	Law of Arbitration & Conciliation	Basu	2 copies
7.	Code of Criminal procedure	B.B. Mitra	2 copies
8.	Latin Maxims & Interpretation of Statutes	R. ChakraBorty	1 copy
9.	Law Lexicon & Maxims	Sumeet Malik	1 copy
10.	SC Digest on Penal Code	Lawmann's	1 copy
11.	Modi's Medical Jurisprudence & Toxicology	Lexis Nexis	2 copies
12.	SC on Drugs, Medical Laws & Medical Negligence	Eastern Book	2 copies
13.	Constitution of India	Dibyajyoti De	1 set
14.	Laws on Forest in Bangladesh		5 copies
15.	সিটি কর্পোরেশনের বিধানাবলী	নিউ ওয়্যাসী বুক	5 copies

শর্তাবলী

- আগামী ৩০/৫/২০১৮খ্রিঃ তারিখ বেলা ০২-০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্টারের দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে কোটেশন দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ০২-৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হবে।
- কোটেশনে মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করতে হবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর রশিদ এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করতে হবে।
- চাহিদাকৃত পুস্তকসমূহ নিজ খরচে আপীল বিভাগের লাইব্রেরী শাখায় পৌঁছিয়ে দিতে হবে এবং সরবরাহকৃত পুস্তকসমূহ সম্পূর্ণরূপে নতুন হইতে হইবে। পুস্তকগুলির কোন পাতা ছেঁড়া, ফাটা, কালি লেপানো অবস্থায় থাকিতে পারিবে না।
- কোটেশনের সাথে মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
- কার্যাদেশ প্রাপ্তির ১৪(চৌদ্দ) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত আইন পুস্তক সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে হবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

- ৭। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে,  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
২৩-০৫-১৮  
ডেপুটি রেজিস্ট্রার

প্রচারের জন্যঃ

- ১। নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, অ্যাটর্নীর অফিস, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- ৬। বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েব সাইট।